

আলোচনাচক্র

» ১৫-১৬ অক্টোবর, কলকাতার সাহিত্য অকাদেমি সভাঘরে অনুষ্ঠিত হল দুদিনের মনোজ্ঞ আলোচনা চক্র। বিষয় : 'বাংলা সাহিত্য ও ভারতের স্বাধীনতা সংগ্রাম'। স্বাগত ভাষণ দেন সচিব কে শ্রীনিবাসরাও। উদ্বোধন করেন নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য রঞ্জন চক্রবর্তী। সভাপতিত্ব করেন

শীর্ষেন্দু মুখোপাধ্যায়। ছিলেন সুবোধ সরকার, দেবেন্দ্রকুমার দেবেশ প্রমুখ। সূচনা অনুষ্ঠানে বক্তব্য পেশ করেন শর্মীক বন্দ্যোপাধ্যায়। এ-ছাড়াও বক্তব্য পেশ করেন বারিদবরণ ঘোষ, অভ্র ঘোষ, সুমিতা চক্রবর্তী প্রমুখ। এই আলোচনাচক্র অনুষ্ঠিত হয় স্বাধীনতার ৭৫ বছর উদযাপনের অঙ্গ হিসেবে।

